জমকালো আয়োজনে আলমডাঙ্গা বণিক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

জমকালো আয়োজনে আলমডাঙ্গায় বণিক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলন-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০ টায় আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সকালে মঞ্চ প্রাঙ্গণে বণিক সমিতির নেতৃবৃন্দ জাতীয় ও বণিক সমিতির পতাকা উত্তোলন করেন। পরে অতিথিদের ফুলেল শুভেচ্ছায় শিক্ত করা হয়।

এছাড়াও সমিতির তিন বছরের আয় ব্যয়ের হিসেবে তুলে ধরা হয়। কোরআন তেলওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে আলোচনা সভা শুরু হয়।

ত্রি-বার্ষিক সম্মেলনের আলোচনা সভায় আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও পৌর আলহাজ্ব মেয়র হাসান কাদির গনু।

সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে হাসান কাদির গনু বলেন,বণিক সমিতির সব সময়ই ব্যবসায়ী ও মানুষের কল্যাণে কাজ করে আসছে। বিগত দিনে দেখা গেছে বিভিন্ন সময়ে মানুষের কল্যাণে পাশে দাঁড়িয়েছে। এজন্য আমি বৃহৎ এই সংগঠনকে ধন্যবাদ জানায়। আমরা পৌর সভায় পরিচ্ছন্ন রাখতে কাজ করে যাচ্ছি। এজন্য বণিক সমিতির সহযোগিতা একান্ত প্রয়োজন। আমাদের সাথে আপনারাও যদি এগিয়ে আসেন তাহলে আলমডাঙ্গা একটি সুন্দর ও পরিচ্ছন্ন শহর হিসেবে গড়ে তুলতে পারবো।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (অপারেশন) ফরিদ উদ্দিন, বণিক সমিতির সাবেক সভাপতি বীরমুক্তিযোদ্ধা আলহাজ্ব মো: শমসের আলি মল্লিক, আলহাজ্ব মো: রফিকুল ইসলাম, আলহাজ্ব মো: মকবুল হোসেন, বণিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মো: আমিনুল হক ঘেটু ও রবিউল ইসলাম পকু, সেকেন্দার আলী কচি, বিশিষ্ট ব্যবসায়ী আলগাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা।

ত্রি-বার্ষিক সম্মেলনে প্রভাষক একে এম ফারুক হোসেন, ও বণিক

সমিতির সাধারণ সম্পাদক মো: কামাল হোসেন ও হাবিবুল করিম চনচলের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সহ-সভাপতি আলহাজ্ব একেএম এনামুল কবির, কামরুজ্জামান হিরা, সহ-সম্পাদক হাজী মো: রফিকুল আলম, শরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আব্দুল লতিফ, দপ্তর সম্পাদক আইয়ুবুর রহমান, ধর্ম সম্পাদক মো: মোতালেব হোসেন, ক্রিড়া সম্পাদক বাবলুর রহমান। এছাড়াও ত্রি-বার্ষিক সম্মেলনে কার্যনির্বাহী সকল সদস্য উপস্থিত ছিলেন।